**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জেলা প্রশাসকের কার্যালয়, চাঁদপুর**
**সংস্থাপন শাখা**
**(www.chandpur.gov.bd)**

স্মারক নং-০৫.৪২.১৩০০.০০০.০২৭.০১.০০৬১.২৫-১০৪

তারিখ: ১৬ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
০১ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

**নিয়োগ বিজ্ঞপ্তি**

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী শাখার ১৬ নভেম্বর ২০২৫ তারিখের ০৫.০০.০০০০.০০০.১৬৬.১১.০০৪০.১৬.১২৯ নং স্মারকের ছাড়পত্র এবং বিভাগীয় নির্বাচনী বোর্ড, কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম এর ১৪ ডিসেম্বর ২০২৫ তারিখের ০৫.৪২.২০০০.০০০. ০০৩.০৩.০০০৭.১৬-২৫২ স্মারকমূলে নিয়োগ বিজ্ঞপ্তি জারীর অনুমোদনের প্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, চাঁদপুর ও অধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহের নিম্নবর্ণিত শূন্য পদের বিপরীতে প্রদর্শিত ২০১৫ সালের জাতীয় বেতন স্কেলে প্রদত্ত বেতন ভাতায় সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত নিম্নোক্ত শর্তে অনলাইনে (https://dcchandpur.teletalk.com.bd ওয়েবসাইটে) জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও চাঁদপুর জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নম্বর | পদের নাম | পদের সংখ্যা | গ্রেড ও বেতনস্কেল | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০৬ (ছয়) টি | গ্রেড: ১৬<br>স্কেল: ৯৩০০-২২৪৯০/- | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে এবং<br>(গ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং-এ দক্ষতা থাকতে হবে<br>(ঘ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে ন্যূনতম বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দের গতি সম্পন্ন হতে হবে। |
| ২ | হিসাব সহকারী | ০৬ (ছয়) টি | | |
| ৩ | বেঞ্চ সহকারী | ০১ (এক) টি | | |

**শর্ত ও নিয়মাবলী:**

১। প্রার্থীর বয়সসীমা ০১/০৩/২০২৬ খ্রিস্টাব্দ তারিখে অবশ্যই ১৮ হতে ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়। এছাড়া, বয়সসীমা সংক্রান্ত অন্যান্য বিধি-বিধান প্রযোজ্য হবে।

২। এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদ পূরণে জনপ্রশাসন মন্ত্রণালয়ের জারীকৃত জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২৪ অনুসরণ করা হবে।

৩। চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে লিখিত অনুমতি গ্রহণ করে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং উক্ত অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় সাক্ষাৎকার বোর্ডের নিকট দাখিল করতে হবে।

৪। লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্রাদির মূলকপি উপস্থাপন/ দাখিল করতে হবে।

ক) অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's copy)
খ) শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ সকল সনদপত্র/সাময়িক সনদপত্র
গ) পৌরসভার মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ
ঘ) জাতীয় পরিচয়পত্রের মূল কপি অবশ্যই মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে। তবে যাদের জাতীয় পরিচয়পত্র এখনও হয়নি, তাদেরকে পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত অনলাইনে নিবন্ধনকৃত জন্মনিবন্ধন সনদ মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।
ঙ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীর ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসারে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সন্তানের পিতা/মাতার মুক্তিযোদ্ধার সনদপত্র;
চ) প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র;
ছ) অন্যান্য কোটায় নিয়োগ প্রাপ্তির আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কোটার জন্য সরকার কর্তৃক নির্ধারিত সনদ/প্রমাণক;
জ) চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনুমতিপত্র;

ঝ) প্রশিক্ষণের সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে);

৫। নিয়োগের ক্ষেত্রে সরকারি সকল বিধি-বিধান এবং কোটা সম্পর্কিত সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে। নির্দিষ্ট কোটায় নিয়োগের জন্য প্রার্থী তার দাবির স্বপক্ষে সরকার নির্ধারিত সনদপত্র/প্রমানক মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে না পারলে তার দাবি অগ্রাহ্য বলে গণ্য হবে এবং তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে। কোটায় নিয়োগের জন্য প্রার্থীদের সনদ/প্রমাণক বিবেচনা/গ্রহণের ক্ষেত্রে সাক্ষাৎকার বোর্ড/বিভাগীয় নির্বাচনি বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে এবং নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক যাচাইয়ে উক্ত সনদ সঠিক বলে প্রমাণিত হতে হবে।

৬। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগ বিজ্ঞপ্তিতে ও আবেদনপত্রে উল্লেখিত সকল সনদ ও কাগজপত্রের সত্যায়িত ছায়ালিপির ০১ (এক) সেট মৌখিক পরীক্ষা গ্রহণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সিলে সুস্পষ্ট নাম ও পদবি থাকতে হবে।

৭। নির্বাচনি পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোনো টি.এ/ডি.এ দেওয়া হবে না।

৮। অসত্য/অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। নিয়োগ প্রক্রিয়ার যেকোনো পর্যায়ে কোনো প্রার্থী অসদুপায় অবলম্বন করলে তার প্রার্থিতা/নির্বাচন/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তি বা এ বিজ্ঞপ্তির শর্তাবলি পরিবর্তন, সংযোজন, বিয়োজন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১০। একজন প্রার্থীর একাধিক পদে আবেদন করার প্রয়োজন নেই।

১১। আবেদনপত্র গ্রহণ/বাতিল ও নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোনো আপত্তি উত্থাপন করা যাবে না।

**<u>অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি:</u>**

ক) আগ্রহী প্রার্থীগণ https://dcchandpur.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন।

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৩/০৩/২০২৬ তারিখ সকাল ১০.০০ টা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ০৩/০৪/২০২৬ তারিখ বিকাল ০৫.০০ টা।

iii. উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদন জমাদানের সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে যেকোনো teletalk Pre-paid মোবাইল নম্বর হতে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

গ) Online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র জমাদানের পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক/ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার সময় এক কপি জমা প্রদান করবেন।

ঙ) SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান. Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's copy-তে কোনো তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy-তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা এবং এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোডপূর্বক নিশ্চিত হয়ে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's copy-তে উল্লেখিত User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোনো Teletalk pre-paid mobile নম্বর এর মাধ্যমে ০২ (দুইটি) SMS করে বর্ণিত পদে আবেদন ফি ১০০/- টাকা+ Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২/- টাকাসহ (অফেরতযোগ্য) সর্বমোট ১১২/- টাকা এবং প্রযোজ্য ক্ষেত্রে সকল গ্রেডের (অনগ্রসর নাগরিক) আবেদন ফি ৫০/- টাকা+Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ০৬/- টাকাসহ (অফেরতযোগ্য) সর্বমোট ৫৬/-টাকা অনধিক ৭২ (বায়াত্তর) ঘন্টার মধ্যে জমা প্রদান করা যাবে। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online-আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না"।

**প্রথম SMS**: DCCHANDPUR <space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: **DCCHANDPUR ABCDEF**

Reply: Applicant's Name, Tk. 112/- Will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DCCHANDPUR Yes PIN and send to 16222.

**দ্বিতীয় SMS:** DCCHANDPUR <space> Yes <space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: **DCCHANDPUR YES 12345678**

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for DCCHANDPUR Application for post xxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx)

চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://dcchandpur.teletalk.com.bd ওয়েব সাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ) শুধু Teletalk pre-paid মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i) User ID জানা থাকলে: DCCHANDPUR <space> Help <space> User <space> User ID & Send to 16222
Example: DCCHANDPUR Help User 12345678 Send to 16222

ii) PIN Number জানা থাকলে: DCCHANDPUR<space> Help<space> PIN <space>PIN NO & Send to 16222
Example: DCCHANDPUR Help PIN 12345678 Send to 16222

ঝ) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোনো মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা vas.query@teletalk.com.bd বা alljobs.query@teletalk.com.bd বা dcchandpur@mopa.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে (Mail/মেসেজ এর subject- Organization Name: DCCHANDPUR, Post Name: ***** Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

ট) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও চাঁদপুর জেলার ওয়েবপোর্টাল www.chandpur.gov.bd এবং https://dcchandpur.teletalk.com.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd/dcchandpur ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.chandpur.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

ঠ) **ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক ও সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যেকোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

**বি: দ্র:** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেওয়া হলো।

০৭/০৬/২০২৫


মোঃ নাজমুল ইসলাম সরকার
জেলা প্রশাসক
চাঁদপুর
ফোন: ০২৩৩৪৪৮৫৬১১
মোবাইল: ০১৭৩০০৬৭০৫০
ই-মেইল : dcchandpur@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪২.১৩০০.০০০.০২৭.০১.০০৬১.২৫-১০৪

তারিখ: ১৬ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
০১ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

**অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
৪। জেলা প্রশাসক, ................................(সকল)
৫। পুলিশ সুপার, চাঁদপুর
৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চাঁদপুর
৭। সিভিল সার্জন, চাঁদপুর
৮। উপপরিচালক, স্থানীয় সরকার, চাঁদপুর
৯। অতিরিক্ত জেলা প্রশাসক রাজস্ব/সার্বিক/শিক্ষা ও আইসিটি/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, চাঁদপুর
১০। কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ, চাঁদপুর জেলা কমান্ড, চাঁদপুর
১১। উপজেলা নির্বাহী অফিসার..................................(সকল), চাঁদপুর
১২। সহকারী কমিশনার (ভূমি),..................................(সকল), চাঁদপুর
১৩। সহকারী কমিশনার, .........................................শাখা (সকল), জেলা প্রশাসকের কার্যালয়, চাঁদপুর
১৪। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁদপুর। তাঁকে নিয়োগ বিজ্ঞপ্তি জেলা প্রশাসক, চাঁদপুর এর ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হলো।
১৫। জেলা তথ্য অফিসার, চাঁদপুর।
১৬। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স, হোল্ডিং ৩/এ, ৫/এ,৭/এ. রোড নং-১৭, গুলশান-১, ঢাকা-১২১২। তাঁকে উল্লিখিত বিজ্ঞপ্তি অনুযায়ী অনলাইনে আবেদন গ্রহণের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।
১৭। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক যুগান্তর, ঢাকা ও সম্পাদক, দৈনিক চাঁদপুর খবর, চাঁদপুর নিয়োগ বিজ্ঞপ্তিটি আপনার পত্রিকায় ৯X৫ সাইজের ভিতরের পাতায় ০১ (এক) দিনের জন্য স্বল্প পরিসরে প্রকাশ করে নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারিত সংখ্যার ৫(পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৮। ওয়েব সাইট/নোটিশ বোর্ড
১৯। মাস্টার ফাইল

০১/০৩/২০২৬

জেলা প্রশাসক
চাঁদপুর